# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

নম্বর ১৭.০০.০০০০.০১৬.১১.০০৯.২০.২৭০ তারিখঃ ২৭ জুলাই, ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম ও কার্যালয় | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কম্পিউটার অপারেটর [নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট] | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | ১ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>খ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ১-৮নং ক্রমিকের পদে গোপালগঞ্জ ও বান্দরবান জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর [আঞ্চলিক নির্বাচন অফিস ও সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়] | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-) | ৫ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই (১) সাঁট-লিপিতে প্রতি মিনিটে বাংলা ৫০ শব্দ ও ইংরেজিতে ৮০শব্দ (২) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। | |
| ৩. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর [নির্বাচন কমিশন সচিবালয়] | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-) | ৩ | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই (১) সাঁট-লিপিতে প্রতি মিনিটে বাংলা ৪৫ শব্দ ও ইংরেজিতে ৭০শব্দ (২) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>ঙ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | |
| ৪. | উচ্চমান সহকারী [নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | |
| ৫. | হিসাব সহকারী [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ৯ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) Word processing এর অভিজ্ঞতাসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | |
| ৬. | স্টোর কিপার [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | ১৫ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) Word processing সহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | |
| ৭. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ৪০ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।<br>গ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>ঙ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | |
| ৮. | গাড়ীচালক [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) গাড়ীচালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | |

| ক্রমিক | পদের নাম ও কার্যালয় | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯. | অফিস সহায়ক [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ১৭৮ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | ৯-১১নং ক্রমিকের পদে নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, জয়পুরহাট, পাবনা, নড়াইল, বাগেরহাট ও ঝালকাঠি জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ১০. | নিরাপত্তা প্রহরী [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ৭ | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |
| ১১. | পরিচ্ছন্নতাকর্মী [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়] | গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | ৫ | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :

(১) ০১/০৮/২০২০ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা এবং পরিবর্তিত (প্রযোজ্য ক্ষেত্রে) বিধি-বিধান ও কোটা অনুসরণ করা হবে।

(৪) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিশেষ কোটা [প্রযোজ্য ক্ষেত্রে] ও প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া মৌখিক পরীক্ষার সময় জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(৫) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত Application Form সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতা, বিশেষ কোটা [প্রযোজ্য ক্ষেত্রে] ও প্রশিক্ষণ সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে।

(৬) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৭) প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচি পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

(৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(১০) **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://ecs.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০৪/০৮/২০২০ খ্রিঃ, সকাল-১০:০০ টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **০৩/০৯/২০২০ খ্রিঃ, বিকাল-০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা স্পষ্ট রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের নিমিত্ত সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application

Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-৮ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক ৯-১১ এ উল্লিখত পদে আবেদনের ক্ষেত্রে ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: ECS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**_Example: ECS ABCDEF_**

*Reply: Applicant's Name, Tk-............ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ECS<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: ECS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**_Example: ECS YES 12345678_**

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for ECS Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://ecs.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-**এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে ECS<space>Help<space>User<space>User ID & Send to16222.
Example: ECS Help User ABCDEF & send to16222

ii. PIN Number জানা থাকলে: ECS<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: ECS Help PIN 12345678 & send to 16222.

২৭-০৭-২০২০
মোঃ শাহেদুন্নবী চৌধুরী
উপসচিব(জনবল)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।